কাজের কথা

সেরা চাকরির সুলুকসন্ধান

উত্তরবঙ্গ সংবাদ ৮ নভেম্বর ২০১৮

কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্রুপ 'সি'

কয়েক হাজার গ্রুপ সি কর্মী নেবে ভারত সরকার। মাল্টি টাস্কিং স্টাফ পদে নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের অফিসগুলিতে।

মাধ্যমিক পাস হলেই আবেদন করা যাবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক বা সমতুল।

বয়স ঃ ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলিরা ৫, ওবিসিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে অতিরিক্ত ১০ বছরের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি ও বিবাহবিচ্ছিন্না মহিলারা ফের বিয়ে না করে থাকলে এবং ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই ঃ লিখিত পরীক্ষার মাধ্যমে। দুটি পেপারের পরীক্ষা। প্রথম পেপারে ২৫ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ২৫ নম্বরের নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, ৫০ নম্বরের জেনারেল ইংলিশ এবং ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ক অবজেকটিভ মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। অর্থাৎ মোট ১৫০ নম্বরের পরীক্ষা। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং খাকবে। প্রতিটি ভুল উত্তরের জন্য এক চতুর্থাংশ করে নম্বর কাটা যাবে। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি আক্রান্তরা ৪০ মিনিট অতিরিক্ত সময় পাবেন।

প্রথম পেপারের পরীক্ষায় সফলরা দ্বিতীয় পেপারের পরীক্ষা দেবেন। এই পেপারে ইংরেজি বা মাতৃভাষায় রচনা, চিঠি লেখা ইত্যাদি থাকবে।

৫০ নম্বরের পরীক্ষা। সময় আধঘণ্টা। দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি আক্রান্তদের ক্ষেত্রে সময় ৪৫ মিনিট। এই পেপারের পরীক্ষায় সফল হতে হবে।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে http://ssc.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩ ডিসেম্বর।

রিজিওনাল অফিসের ঠিকানা ঃ রিজিওনাল ডিরেক্টর, স্টাফ সিলেকশন কমিশন, ফার্স্ট এম এস ও বিল্ডিং, ২৩৪/৪, আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা ৭০০০২০।

ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্সে ভরতির সি-ম্যাট পরীক্ষা ২৮ জানুয়ারি

২০১৯-২০ শিক্ষাবর্ষে ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্সে ভরতির জন্য দেশজুড়ে কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট আয়োজিত হবে ২৮ জানুয়ারি। এটি বি স্কুলগুলিতে বিজনেস ম্যানেজমেন্ট ও অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি ও ডিপ্লোমা এবং ম্যানেজমেন্টের পোস্ট গ্র্যাজুয়েট সার্টিফিকেট কোর্সে ভরতির যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা। পরীক্ষা নেবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

শিক্ষাগত যোগ্যতা ঃ যে কোনো শাখায় ৩ বছরের গ্র্যাজুয়েট। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে ভরতির আগে রেজাল্ট প্রকাশিত হয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই ঃ কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।



৩ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে যে সব বিষয়ে - কোয়ান্টিটেটিভ টেকনিকস অ্যান্ড ডেটা ইন্টারপ্রিটেশন, লজিক্যাল রিজনিং, ল্যাঙ্গুয়েজ কম্প্রিহেনশন, জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি অংশে ২৫টি করে প্রশ্ন থাকবে। মোট নম্বর ১০০। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ৭ জানুয়ারি থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে www.ntacmat.nic.in

অনলাইন আবেদন করতে হবে www.ntacmat.nic.in এই ওয়েবসাইটের মাধ্যমে।

অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ নভেম্বর। মনে রাখবেন, অনলাইনে দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীরা স্ক্যান করা পাসপোর্ট মাপের ফোটো ও সই আপলোড করতে হবে। আবেদনকারীকে ফোটো ও সই আপলোড করতে হবে ১ ডিসেম্বরের মধ্যে।

পরীক্ষার ফি সাধারণ এবং ওবিসি প্রার্থীদের ক্ষেত্রে ১,৪০০ টাকা। মহিলা, তপশিলি, দৈহিক প্রতিবন্ধী এবং ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৭০০ টাকা।

ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাংকিংয়ের মাধ্যমে অথবা অফলাইনে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার ই-চালানের মাধ্যমে। ই-চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকেই। সব ক্ষেত্রেই অতিরিক্ত সার্ভিস বা প্রসেসিং চার্জ দিতে হবে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করার পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্মের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলো কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

বিস্তারিত তথ্য পাবেন প্রতিবেদনে উল্লিখিত উপরোক্ত ওয়েবসাইট থেকে।

প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে ৭০৪২৩৯৫২১।

তিন বাহিনীতে ৪১৭ পুরুষ ও মহিলা গ্র্যাজুয়েট

ভারতীয় স্থল, বিমান ও নৌবাহিনীতে ৪১৭ জন গ্র্যাজুয়েট তরুণ তরুণীকে নিয়োগ করা হবে। বিভিন্ন কোর্সে ট্রেনিং দিয়ে। প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এগজামিনেশন ২০১৯ এর মাধ্যমে। আগ্রহীদের আবেদন করতে হবে অনলাইনে।

যোগ্যতা ঃ ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির জন্য স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েশন কোর্স পাস করে থাকতে হবে। ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির জন্য ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কোর্স পাস করে থাকতে হবে। এয়ারফোর্স অ্যাকাডেমির জন্য যে কোনো শাখায় গ্র্যাজুয়েট হতে হবে। উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স নিয়ে পড়ে থাকতে হবে। অথবা ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। যাঁরা চূড়ান্ত বর্ষের পরীক্ষায় বসেছেন বা বসবেন তাঁরাও আবেদন করতে পারবেন। তবে আর্মি, নেভি, এয়ারফোর্স প্রথম পছন্দ হিসেবে বেছে থাকলে গ্র্যাজুয়েট হবার অন্তত প্রভিশনাল সার্টিফিকেট দাখিল করতে হবে এসএসবির ইনটারভিউয়ের প্রথম দিন বা নির্দেশিত স্থানকালে।

বয়সসীমা ঃ ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির জন্য প্রার্থীর জন্মতারিখ ২ জানুয়ারি ১৯৯৬ এর আগে হবে না। ১ জানুয়ারি ২০০১ এর পরে হলে আবেদন করা যাবে না।

এয়ারফোর্স অ্যাকাডেমির জন্য প্রার্থীর জন্মতারিখ ১ জানুয়ারি ২০২০ তারিখে ২০-২৪ বছরের মধ্যে হতে হবে।

শারীরিক মাপজোক ঃ পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৫৭.৫ সেমি। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা থাকতে হবে ১৫২ সেমি।

পার্বত্য অঞ্চলের বাসিন্দারা উচ্চতার ক্ষেত্রে ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে।

১৫৭ সেমি উচ্চতা হলে ১৮ বছর বয়সের ক্ষেত্রে ওজন থাকতে হবে ৪৭ কেজি। ২০ বছর বয়সের ক্ষেত্রে ৪৯ কেজি। ২২ বছর বয়সের ক্ষেত্রে ৫০ কেজি।

মহিলাদের ক্ষেত্রেও একইভাবে ১৪৮ সেমি উচ্চতায় ওজন হতে হবে ২০ বছর বয়স হলে ৩৯ কেজি, ২৫ বছর হলে ৪১ কেজি, ৩০ বছর হলে ৪৩ কেজি।

শারীরিক সক্ষমতা ঃ শারীরিক সক্ষমতার পরীক্ষার প্রস্তুতির জন্য প্রতিদিন ২ কিমি থেকে ৪ কিমি ১৫ মিনিটে দৌড়োনো। একবারে অন্তত ২০টি করে পুশআপ ও সিটআপ অন্তত ৮টি করে চিনআপ, রোপ ক্লাইম্বিং ৩ থেকে ৪ মিটার।

শারীরিক সক্ষমতা, যোগ্যতা ও আসন সংরক্ষণ, ডিউটি ও অন্যান্য শর্তাবলি বিষয়ে বিস্তারিত জানা যাবে www.upsconline.nic.in ওয়েবসাইটে।

বেতন ঃ র‍্যাঙ্ক অনুযায়ী বেতন বিভিন্ন রকম। যেমন লেফটেন্যান্ট র‍্যাংক থেকে শুরু করে ক্রমশ পদোন্নতির ফলে মেজর জেনারেল পর্যন্ত র‍্যাংকে ওঠা যায়। লেফটেন্যান্ট থেকে মেজরের ক্ষেত্রে পে ব্যান্ড ৩ অনুযায়ী মূল বেতন হবে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। পদোন্নতির সঙ্গে সঙ্গে বেতন বাড়বে।

প্রার্থী বাছাই ঃ লিখিত পরীক্ষা ও ইনটারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লিখিত পরীক্ষা হবে ২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির জন্য পরীক্ষা হবে ৩০০ নম্বরের। সময় ৬ ঘণ্টা।

ইংরেজি, জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স এই তিনটি বিষয় প্রতিটিতে ১০০ নম্বরের প্রশ্ন থাকবে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে পরীক্ষা হবে ২০০ নম্বরের। সময় ৪ ঘণ্টা। ইংরেজি, জেনারেল নলেজ বিষয়ে প্রতিটিতে ১০০ নম্বরের প্রশ্ন থাকবে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। জেনারেল নলেজ ও এলিমেন্টারি ম্যাথমেটিক্স বিষয়ে প্রশ্ন থাকবে ইংরেজি ও হিন্দি ভাষায়। নেগেটিভ মার্কিং থাকবে। সফলদের ইনটারভিউতে ডাকা হবে।

পরীক্ষার ৩ সপ্তাহ আগে ই-কার্ড পাওয়া যাবে ওয়েবসাইটে। ডাউনলোড করে নিতে হবে।

আবেদন ফি ঃ ২০০ টাকা। এসবিআই এর যে কোনো শাখায় ক্যাশে, এসবিআইয়ের ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাংকিংয়ের মাধ্যমে ফি দেওয়া যাবে। মহিলা ও তপশিলিদের কোনো ফি দিতে হবে না।

ক্যাশে টাকা দিলে চালান ডাউনলোড করতে হবে ২৫ নভেম্বরের মধ্যে।

আবেদন পদ্ধতি ঃ আবেদন করতে হবে কেবল অনলাইনে। www.upsconline.nic.in ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। সই ও ছবির মাপ ৪০ কেবির বেশি বা ৭ কেবির কম যেন না হয়। সই ৫ কেবির কম নয়। তার আগে চালান ডাউনলোড করে ব্যাংকে টাকা জমা দিতে হবে।

আবেদন করতে পারবেন ২৬ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত।

আগ্রহী প্রার্থীরা বিস্তারিত তথ্য জানতে পারবেন এই www.upsconline.nic.in ওয়েবসাইট থেকে।

রাজ্য বিদ্যুতে ৮১ অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, এগজিকিউটিভ

ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনের মতো রাজ্য বিদ্যুৎ পর্ষদেও প্রায়শই বিভিন্ন পদে নিয়োগ করা হয়ে থাকে। সম্প্রতি ম্যানেজার, এগজিকিউটিভ পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আগ্রহীরা যথাযথ যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন।

ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডে ৮১ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও জুনিয়র এগজিকিউটিভ নিয়োগ করা হবে।

বেতনক্রম ঃ মূল বেতন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ১৫,৬০০-৩৯,১০০ টাকা। গ্রেড পে ৫৪০০ টাকা।

বয়সসীমা ঃ ১ জানুয়ারি ২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮-২৭ বছরের মধ্যে। রাজ্যের তপশিলি জাতি, উপজাতি, ওবিসি এ ও বি, শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা নিয়ম অনুযায়ী বয়সের উর্ধ্বসীমায় ছাড় পাবেন।

আবেদনের ফি ঃ সবকটি পদের ক্ষেত্রেই ৪০০ টাকা।

ব্যাংক চালান ডাউনলোড করে ইউনাইটেড ব্যাংক অফ ইন্ডিয়ার কোনো শাখায় ফি জমা দেওয়া যাবে ২৬ নভেম্বর ২০১৮ পর্যন্ত।

আবেদনের পদ্ধতি ঃ www.wbsedcl.in ওয়েবসাইটে গিয়ে কেরিয়ার ট্যাব-এর লিঙ্কে অনলাইন আবেদন করা যাবে ২৬ নভেম্বর ২০১৮ বেলা ২টো পর্যন্ত। বৈধ ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ইন্ডিয়ান আর্মিতে ৪০ ইঞ্জিনিয়ার নিয়োগ, আবেদন ২৮ নভেম্বরের মধ্যে



আর্মির টেকনিক্যাল গ্র্যাজুয়েট কোর্সে ট্রেনিং দিয়ে ৪০ জন অফিসার নিয়োগ করবে ইন্ডিয়ান আর্মি। নিয়োগ হবে পার্মানেন্ট সার্ভিস কমিশনে। অবিবাহিত পুরুষ ইঞ্জিনিয়ার গ্র্যাজুয়েটরা নীচের মতো যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন।

বেতন ঃ শুরুতে লেফটেন্যান্ট র‍্যাংকে পে স্কেল ১০ অনুযায়ী মূল বেতন ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। পরে পদোন্নতি হলে ক্যাপ্টেন র‍্যাংকে পে স্কেল ১০ বি অনুযায়ী বেতন ৬১,৩০০-১৯৩৯০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা ঃ সংশ্লিষ্ট শাখায় ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট। যাঁরা চূড়ান্ত বর্ষে পড়ছেন বা যাঁরা পরীক্ষা দিয়েছেন বা যারা দেবেন তারাও আবেদন করতে পারবেন। তবে তাঁদের ক্ষেত্রে চূড়ান্ত বর্ষের সমস্ত পরীক্ষা যেমন লিখিত পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা, ভাইভা, প্রোজেক্ট, ব্যাকলগ সবকিছু ১ জুলাই ২০১৯ তারিখের মধ্যে শেষ করে থাকতে হবে। ট্রেনিং শুরুর ১২ সপ্তাহের মধ্যে রেজাল্ট দাখিল করতে হবে।

বয়স ঃ ১ জুলাই ২০১৯ তারিখে বয়স হতে হবে ২০ থেকে ২৭, জন্মতারিখ ২ জুলাই, ১৯৯২ থেকে ১ জুলাই ১৯৯৯ তারিখের মধ্যে।

শারীরিক মাপজোক ঃ উচ্চতা থাকতে হবে ১৫৭.৫ সেমি। উত্তর-পূর্বাঞ্চলের পার্বত্য অঞ্চলের বাসিন্দারা ৫ সেমি এবং লাক্ষাদ্বীপের প্রার্থীরা ২ সেমি ছাড় পাবেন। প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে। ভালো স্বাস্থ্য থাকতে হবে। শারীরিক যোগ্যতার ব্যাপারে বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

নির্বাচন পদ্ধতি ঃ দরখাস্তের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ইনটারভিউয়ের জন্য ডাকা হবে। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। আবেদনকারীদের মেধার উপর ভিত্তি করে কাট অফ মার্কস ঠিক করা হবে। এলাহাবাদ, ভোপাল, বেঙ্গালুরু, কাপুরথালায় সাইকোলজিস্ট, গ্রুপ টেস্টিং অফিসার ও ইনটারভিউয়িং অফিসাররা পরীক্ষা নেবেন। পাঁচ দিন ধরে ইনটারভিউ চলবে।

প্রথমে স্টেজ ওয়ান একদিন ও তাতে সফল হলে স্টেজ টু চারদিন। সাইকোলজিক্যাল অ্যাপ্টিটিউডের মাধ্যমে স্টেজ টুর প্রার্থী বাছাই হবে। এই পর্বে উত্তীর্ণ না হলে প্রার্থীকে সেই দিনই ফেরত পাঠিয়ে দেওয়া হবে। বাছাই করা প্রার্থীদের স্টেজ থ্রি-তে ইনটারভিউ হবে।

আবেদন পদ্ধতি ঃ আবেদন করতে হবে অনলাইনে। www.joinindianarmy.nic.in ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করা যাবে। আবেদন করার আগে সমস্ত নিয়মাবলী বিস্তারিতভাবে পড়ে নেবেন। সঠিকভাবে পূরণ করা আবেদনপত্র সাবমিট করার পর একটি রোল নম্বর পাবেন সেটি নোট করে নেবেন।

আবেদন জমা দেবার পর তার দু-কপি প্রিন্ট আউট নেবেন। এককপি প্রিন্ট আউট সঠিক জায়গায় সই করবেন ও সঠিক জায়গায় একটি পাসপোর্ট মাপের ছবি লাগিয়ে দেবেন।

দু-কপি প্রিন্ট আউট ও শিক্ষাগত যোগ্যতার সমস্ত নথিপত্র ও সেগুলির স্ব-প্রত্যয়িত ফোটোকপি পরীক্ষা তথা ইনটারভিউয়ের সময় নিয়ে যেতে হবে। প্রিন্ট আউট একটি কপি প্রমাণপত্র হিসাবে প্রার্থীকে ফিরিয়ে দেওয়া হবে।

অনলাইন আবেদন করা যাবে ২৮ নভেম্বর ২০১৮ বেলা ১২টা পর্যন্ত।

এ বিষয়ে বিস্তারিত জানতে নজর রাখবেন প্রতিবেদনে উল্লিখিত উপরোক্ত ওয়েবসাইটে।

পিএসসির মাধ্যমে রাজ্যে ৩৫ ল অফিসার

রাজ্যের আইন বিভাগে অস্থায়ীভাবে ৩৫ জন ল অফিসার নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল লিগ্যাল সার্ভিস এগজামিনেশন ২০১৮-র মাধ্যমে।

প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন। নিচের যোগ্যতার যে কোনো ভারতীয়রা আবেদন করতে পারবেন।

শূন্যপদের বিন্যাস ঃ মোট ৩৫টি শূন্যপদের মধ্যে অসংরক্ষিত ১৫, তপশিলি জাতি ৬, তপশিলি উপজাতি ২, ওবিসি এ ৫, ওবিসি বি ৫, শারীরিক প্রতিবন্ধী ২।

যোগ্যতা ঃ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ল ডিগ্রি। বাংলায় লিখতে, পড়তে ও কথা বলতে জানতে হবে।

বয়সসীমা ঃ ১ জানুয়ারি ২০১৮ তারিখের হিসেবে বয়স হতে হবে ২৩-৩৬ বছরের মধ্যে। পশ্চিমবঙ্গের সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই পদ্ধতি ঃ লেখা পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে।

লেখা পরীক্ষা হবে কলকাতায় আগামী ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে।

লেখা পরীক্ষায় ৯টি পেপার থাকবে। প্রতি পেপারে ১০০ নম্বর। পেপার ওয়ানে ইংলিশ কম্পোজিশন, এসে, প্রেসি রাইটিং ৫০ নম্বর।

বাংলা, হিন্দি, উর্দু, নেপালি, সাঁওতালি ভাষায় কম্পোজিশন ও এসে রাইটিং এবং ইংরেজি থেকে বাংলা, হিন্দি, উর্দু, নেপালি ও সাঁওতালিতে অনুবাদ ৫০ নম্বর।

পেপার টুতে জেনারেল নলেজ ৫০ নম্বর। কারেন্ট অ্যাফেয়ার্স ৫০ নম্বর।

পেপার থ্রিতে ভারতের সাংবিধানিক আইন ৫০ নম্বর। ভারতীয় সংবিধান ৫০ নম্বর।

পেপার ফোরে অ্যাডমিনিস্ট্রেটিভ ল ১০০ নম্বর।

পেপার ফাইভে ইনটারপ্রিটেশন অফ স্ট্যাটুটস অ্যান্ড প্রিন্সিপল অফ লেজিসলেশন অ্যান্ড লেজিসলেটিভ ড্রাফটিং ৮০ নম্বর। জেনারেল ক্লজ ২০ নম্বর।

পেপার সিক্স, সেভেন, এইট, নাইনে ল সংক্রান্ত বিষয়ের উপর প্রশ্ন থাকবে।

ফি ঃ ২১০ টাকা। সঙ্গে সার্ভিস চার্জ, জিএসটি।

এ রাজ্যের তপশিলি জাতি, উপজাতি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের আবেদনের ফি দিতে লাগবে না।

অনলাইন আবেদনের ফি দেওয়া যাবে ১৫ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত।

অফলাইন ফি দেওয়া যাবে ১৫ তারিখের মধ্যে চালান ডাউনলোড করে ১৬ নভেম্বর ২০১৮ পর্যন্ত ব্যাংকের কাজের সময়ের মধ্যে।

আবেদন পদ্ধতি ঃ www.pscwbapplication.in ওয়েবসাইটে গিয়ে অনলাইন আবেদন করতে হবে। আবেদনপত্র বা আবেদন সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে মেল করুন pscwbhelp@gmail.com আইডিতে। আবেদন করার আগে ভালো ভাবে খুঁটিয়ে দেখে নিন।

কোস্টগার্ডে পুরুষ-মহিলা অফিসার নিয়োগ, আবেদন ৩০ নভেম্বর পর্যন্ত

ভারতীয় উপকূলরক্ষী বাহিনীতে ট্রেনিং দিয়ে বেশ কিছু তরুণ-তরুণী নিয়োগ করা হবে। গ্রুপ-এ গেজেটেড অফিসার র‍্যাংকের পদ। নিয়োগ হবে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট পদে পার্মানেন্ট কমিশনে জেনারেল ডিউটি (পুরুষ), শর্ট সার্ভিস কমিশনে জেনারেল ডিউটি (মহিলা), জেনারেল ডিউটি (পাইলট) (পুরুষ), শর্ট সার্ভিস কমিশনে কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এসএসএ) (পুরুষ ও মহিলা) ও ল (পুরুষ ও মহিলা) ব্রাঞ্চে। আবেদন করতে হবে শুধুমাত্র অনলাইনে।

শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক বা সমতুল স্তর পর্যন্ত ম্যাথমেটিক্স ও ফিজিক্স বিষয় থাকতে হবে। শর্ট সার্ভিস কমিশনে কমার্শিয়াল পাইলট এন্ট্রি (সিপিএল) (এসএসএ)-র পদের জন্য ম্যাথমেটিক্স ও ফিজিক্স বিষয় নিয়ে পড়ে ও মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ উচ্চমাধ্যমিক পাস, সঙ্গে ডিজিসিএর অনুমোদিত কমার্শিয়াল পাইলটস লাইসেন্স। ল শাখার পদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকের পর ৫ বছরের বা গ্র্যাজুয়েশনের পর ৩ বছরের ল ডিগ্রি সম্পূর্ণ করে থাকতে হবে।

বয়স ঃ জেনারেল ডিউটি ও জেনারেল ডিউটি (এসএসএ) পদের ক্ষেত্রে জন্মতারিখ ১ জুলাই ১৯৯৪ থেকে ৩০ জুন ১৯৯৮-এর মধ্যে হতে হবে। জেনারেল ডিউটি (পাইলট, এসএসএ) এবং কমার্শিয়াল পাইলট লাইসেন্স -এর ক্ষেত্রে জন্মতারিখ ১ জুলাই ১৯৯৪ থেকে ৩০ জুন ২০০০ এর মধ্যে। ল-এর ক্ষেত্রে ১ জুলাই ১৯৮৯ থেকে ৩০ জুন ১৯৯৮-এর মধ্যে হতে হবে।

বেতন ঃ র‍্যাংক অনুযায়ী বেতন। যত উন্নতি করবে তত বেতন বাড়বে।

শারীরিক মাপজোক ঃ উচ্চতা – অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট (জিডি) ও ল পদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে কমপক্ষে ১৫৭ সেন্টিমিটার। মহিলাদের (জিডি, ল) উচ্চতা হতে হবে অন্তত ১৫২ সেমি। কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী পাহাড়ের অধিবাসী ও যে কোনো আদিবাসী সম্প্রদায়ের প্রর্থীরা উচ্চতায় নির্দিষ্ট ছাড় পাবেন। বুকের ছাতি সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলাতে সক্ষম হতে হবে।

ওজন ঃ উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে প্রার্থীর ওজন। ১০ শতাংশ কমবেশি হলে তা গ্রাহ্য হবে। শরীরে স্থায়ী ট্যাটু থাকলে সে বিষয়ে কিছু কড়াকড়ি আছে, এই বিষয়ে জানতে পারবেন ওয়েবসাইট থেকে।

প্রার্থী বাছাই ঃ প্রার্থী নির্বাচন করা হবে প্রিলিমিনারি সিলেকশন, ফাইনাল সিলেকশন ও মেডিক্যাল সিলেকশনের মাধ্যমে। নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের প্রিলির জন্য ডাকা হবে। নির্বাচিত আবেদনকারীদের যথা সময়ে পরীক্ষার দিন, সময় ও স্থান ই-মেল মারফত জানিয়ে দেওয়া হবে।

আবেদনের পদ্ধতি ঃ ১৮-৩০ নভেম্বর ২০১৯ বিকেল ৫টা পর্যন্ত। শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে। কেবলমাত্র একটি পদ ও পরীক্ষাকেন্দ্রের জন্য আবেদন করা যাবে।

অনলাইন আবেদনের ওয়েবসাইট ঃ www.joinindiancoastguard.gov.in